

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

www.bb.org.bd

০৮ কার্তিক, ১৪২০

তারিখ : -----

২৩ অক্টোবর, ২০১৩

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩-৩১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

আমদানিকারক হিসাবে ভ্যাট নিবন্ধন নাম্বার (**BIN**) গ্রহণ ব্যতিরেকে পণ্য আমদানির এলসি না খোলা
এবং আমদানি বিল অব লেডিং-এ পণ্যের ইচ,এস, কোড উল্লেখ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ২০/১০/২০১৩ তারিখের NBR/IT/AWIP/ADMIN-P(1)/2012/216 নম্বর পত্র
(কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। কতিপয় প্রতিষ্ঠান আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ ব্যতিরেকেই [যদিও তাদের উৎপাদনকারী/সরবরাহকারী (Manufacturer/Supplier) হিসাবে ভ্যাট নিবন্ধন রয়েছে] বাণিজ্যিক ব্যাংক হতে এলসি খুলে পণ্য আমদানি করছে মর্মে উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে। এতে পণ্যসামগ্রী বাংলাদেশের বন্দরে আসার পর কাস্টমস প্রক্রিয়াকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে এবং ফলশ্রুতিতে পণ্য খালাসে বিলম্ব হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকলে এলসি আবেদনকারীর ভ্যাট নিবন্ধন সনদপত্রে ব্যবসায়ের প্রকৃতি যাই উল্লেখ থাকুক না কেন এর পাশাপাশি Importer উল্লেখ করা না থাকলে-তা ভ্যাট নিবন্ধন সনদপত্রে অন্তর্ভুক্ত ব্যতিরেকে কোন এলসি ইস্যু না করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও যথাযথ কন্টেইনার ব্যবস্থাপনার লক্ষ্যে কার্গো মেনিফেস্টে পণ্যের সঠিক ইচ,এস কোড উল্লেখ করার নিমিত্তে বিল অব লেডিং-এ পণ্যের বিবরণের পাশাপাশি ইচ,এস,কোড উল্লেখ করার বিষয়টি অত্যবশ্যকীয় শর্ত হিসাবে এলসিতে অন্তর্ভুক্ত করার জন্যও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে কোন বিচ্যুতি দেখা গেলে সংশ্লিষ্ট ব্যাংককে এর দায়-দায়িত্ব বহন করতে হবে মর্মে উক্ত পত্রে উল্লেখ রয়েছে। উল্লেখ্য, আমদানি-রঙানি প্রধান নিয়ন্ত্রকের দণ্ড হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC) এর বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ভ্যাট নিবন্ধন প্রদান করা হয়।

৩। প্রসঙ্গত: উল্লেখ্য, বাংলাদেশ কাস্টমস এর নতুন ASYCUDA World Automation System এর আওতায় শুল্ক সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে আমদানিকারকের পক্ষে ঝুণপত্র স্থাপনকালে ঝুণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্ট-এ আমদানিকারকের ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) এবং আমদানি চালানে আমদানিকারক হিসাবে ব্যাংকের নাম উল্লেখ থাকলে (To the order of Bank) ব্যাংকের নামের পাশাপাশি ব্যাংকের ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) আবশ্যিকভাবে উল্লেখ নিশ্চিত করার জন্য ইতোপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত নির্দেশনা এ বিভাগ হতে ১৩/০৩/২০১৩ ও ১৯/০৯/২০১৩ তারিখে ইস্যুকৃত সার্কুলার পত্র নং যথাক্রমে এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৩-০৬ ও এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৩-২৮ এর মাধ্যমে আপনাদেরকে অবহিত করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের উল্লেখিত নির্দেশনাসমূহের যথাযথ প্রতিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনানুযায়ী

(মোঃ জাহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫১২৬০৮

অতি জরুরী
বাহক/ইমেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা-১০০০।

নথি নং NBR/IT/AWIP/ADMIN-P(1)/2012/ ২১৬

তারিখ: ২০/১০/২০১৩

জনাব এস.কে. সূর চৌধুরী
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক

(দৃষ্টি আকর্মন: মহা-ব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট)

বিষয়ঃ আমদানিকারক হিসাবে ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) গ্রহণ ব্যতিরেকে পণ্য আমদানি ও আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং: এফইপিডি (আমদানি নীতি) ১২৩/২০১৩-০৬, তারিখ: ১৩-০৩-২০১৩।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ কাস্টমস এর নতুন ASYCUDA World Automation System এর আওতায় সম্পূর্ণ এলসি, বিএলসহ অন্যান্য শিপিং দলিলদির উপর আমদানিকারকের নামের পাশাপাশি সঠিক ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ করা বাধ্যতামূলক করা হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে কতিপয় প্রতিটান উৎপাদনকারী/সরবরাহকারী (Manufacturer/Supplier) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ করলেও আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ ব্যতিরেকেই বানিজ্যিক ব্যাংক হতে এলসি খুলে পণ্য আমদানি করছেন। এতে পন্যসামগ্রী বাংলাদেশের বন্দরে আসার পর কাস্টমস প্রক্রিয়াকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে এবং ফলশ্রুতিতে পণ্য খালাসে বিলম্ব হচ্ছে। উল্লেখ্য, বাণিজ্য মন্ত্রণালয়ের অধিক্ষেত্রে আমদানি-রঙানি প্রধান নিয়ন্ত্রকের দণ্ডের হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC) ব্যতিরেকে কোন প্রকার আমদানি কার্যক্রম পরিচালনা করা বিবিসম্মত নয়। জাতীয় রাজস্ব বোর্ড আমদানি-রঙানি প্রধান নিয়ন্ত্রকের দণ্ডের হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC)-এর বিপরীতে আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন প্রদান করে।

০২। এছাড়া, বন্দর কর্তৃপক্ষের যথাযথ কন্টেইনার ব্যবস্থাপনার লক্ষ্যে আমদানীয় পণ্যের কার্ডে মেনিফেস্টে পণ্যের সঠিক এইচ. এস.কোড উল্লেখের লক্ষ্যে আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ করা একান্ত অপরিহার্য।

০৩। বর্ণিত পরিস্থিতিতে, এলসি আবেদনকারীর ভ্যাট নিবন্ধন সনদপত্রে ব্যবসায়ের প্রকৃতি হাই উল্লেখ থাকুক না কেন এর পাশাপাশি Importer উল্লেখ করা না থাকলে - তা ভ্যাট নিবন্ধন সনদপত্রে অন্তর্ভুক্ত ব্যতিরেকে কোন এলসি যেন ইস্যু করা না হয়, তা সকল বানিজ্যিক ব্যাংক নিশ্চিত করবে। এছাড়া, আমদানি বিল অব লেডিং - এ পণ্যের বিবরণের পাশাপাশি এইচ. এস. কোড উল্লেখ করার বিষয়টি এলসিতে অত্যাবশ্যিক শর্ত হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে কোন বিচুতি দেখা গেলে সংশ্লিষ্ট ব্যাংক তার দায়-দায়িত্ব বহন করবে।

০৪। বিষয়টি একটি সার্কুলারের মাধ্যমে সকল বানিজ্যিক ব্যাংক-কে জানানো এবং তা অবিলম্বে কার্যকর করে প্রতিপালনের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

Al Islam
২০/১০/১৩

(ফাহাদ আল ইসলাম)
দ্বিতীয় সচিব (শুল্ক)

উপ-প্রকল্প পরিচালক, এ্যাসাইকুড়া ওয়ার্ক কর্মসূচী
টেলিফোন: ০২-৯৩৫০৮২৭
Email: alislam@customs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোষ্ঠাতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/চাকা/মংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, নারায়ণগঞ্জ।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর)/চাকা (দক্ষিণ)/চাকা (পূর্ব)/চাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/ঝুলনা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক (সকল বাণিজ্যিক ব্যাংক)।
- ৪। প্রথম সচিব (শুল্ক নীতি ও বাস্তবায়ণ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। প্রথম সচিব (মূসকং নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। প্রথম সচিব (মূসকং বাস্তবায়ণ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে সকল ভ্যাট বিভাগীয় দণ্ডের হতে নিবন্ধন সনদপত্র ইস্যুর সাথে সাথেই জাতীয় রাজস্ব বোর্ডের ASYCUDA World Project এর নিকট তথ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। জনাব মোঃ শফিকুর রহমান, ASYCUDA World Consultant (সিনিয়র সিস্টেমস এ্যনালিস্ট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে ভ্যাট নিবন্ধন সনদে Import উল্লেখ ব্যতীত কোন BIN ফেন ASYCUDA World-এর BIN Table-এ অন্তর্ভুক্ত হতে না পারে এবং বর্তমানে এ ধরণের কোন BIN অন্তর্ভুক্ত থাকলে তা BIN Table হতে বাদ দেয়াসহ উক্ত BIN Table -টি নিরয়মিতভাবে হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এ্যসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম।
- ৯। সভাপতি, বাংলাদেশ কটেজিনার শিপিং এ্যসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম।
- ১০। সভাপতি, চট্টগ্রাম/চাকা/মংলা/বেনাপোল কাস্টমস সিএন্টএফ এজেন্টস এ্যসোসিয়েশন। তাকে বিষয়টি সকল আমদানিকারকের নজরে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্যঃ

- ১। সদস্য (শুল্ক নীতি, গবেষনা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। সদস্য (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি), ও প্রকল্প পরিচালক, ASYCUDA World, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। সদস্য (মূসকং বাস্তবায়ণ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। National Project Manager, ASYCUDA World, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(ফাহাদ আল ইসলাম)

বিতীয় সচিব (শুল্ক)

ও

টপ-প্রকল্প পরিচালক, এ্যসাইকুড়া ওয়ার্ক কর্মসূচী

টেলিফোনঃ ০২-৯৩৫০৪২৭

Email: alislam@customs.gov.bd